

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ২, ২০১৪

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৮ ভদ্র, ১৪২১ মোতাবেক ০২ সেপ্টেম্বর, ২০১৪

নিম্নলিখিত বিলটি ১৮ ভদ্র, ১৪২১ মোতাবেক ০২ সেপ্টেম্বর, ২০১৪ তারিখে জাতীয় সংসদে  
উত্থাপিত হইয়াছে :—

বা. জা. স. বিল নং ১৫/২০১৪

## বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ এর সংশোধনকল্পে আনীত বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ (২০১২  
সনের ১৯ নং আইন) এর সংশোধন করা সমীচীন ও প্রয়োজন;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ  
(সংশোধন) আইন, ২০১৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। ২০১২ সনের ১৯ নং আইনের ধারা ৮ এর সংশোধন।—বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ  
আইন, ২০১২ (২০১২ সনের ১৯ নং আইন) এর ধারা ৮ এর উপ-ধারা (১) এর পরিবর্তে নিম্নরূপ  
উপ-ধারা (১) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“৮। চেয়ারম্যান ও সদস্যদের যোগ্যতা ও অযোগ্যতা।—(১) পরমাণু শক্তি ব্যবস্থাপনার  
ক্ষেত্রে পর্যাপ্ত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিগণের মধ্য হইতে কর্তৃপক্ষের চেয়ারম্যান ও সদস্যগণ  
নিযুক্ত হইবেন:

তবে শর্ত থাকে যে, বিদ্যুৎ উৎপাদন ও সঞ্চালন বিষয়ে যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিগণের  
মধ্য হইতে একজন সদস্য নিয়োগ করা যাইবে।”

(১৭৯২৯)

মূল্য : টাকা ৮.০০

## উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

বাংলাদেশে পরমাণু শক্তির শান্তিপূর্ণ ব্যবহারের লক্ষ্যে আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থা (IAEA) এর গাইডলাইন ও কারিগরি মতামতের আলোকে ‘বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২’ প্রণয়ন করা হয়। উক্ত আইনের আওতায় ১৯ জানুয়ারি ২০১২ তারিখ থেকে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কাজ শুরু করেছে।

২। ‘বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২’-এর ৮ ধারায় বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যান ও সদস্যদের যোগ্যতার পরিধি সীমিত থাকায় অতি গুরুত্বপূর্ণ উক্ত পদসমূহে যোগ্য ও অভিজ্ঞ ব্যক্তি নিযুক্ত করা দুরহ হচ্ছে। বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যান ও সদস্য নিয়োগের জন্য যোগ্য ও অভিজ্ঞ প্রার্থী প্রাপ্তির সুবিধার্থে যোগ্যতার মানদণ্ডসমূহ যথাসম্ভব বিস্তৃত রেখে আইন সংশোধনের লক্ষ্যে প্রণীত ‘বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ (সংশোধন) আইন, ২০১৪’ শীর্ষক খসড়া বিল-এ মন্ত্রিসভার নীতিগত ও চূড়ান্ত অনুমোদন এবং লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ভেটিং রয়েছে।

৩। ‘বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ (সংশোধন) আইন, ২০১৪’ প্রবর্তন করা হলে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যান ও সদস্য পদে পর্যাপ্ত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিবর্গ নিয়োগ সহজতর হবে। ফলে বাংলাদেশে পারমাণবিক শক্তির নিরাপদ ও শান্তিপূর্ণ ব্যবহারের বিষয়টি নিশ্চিতকরণে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ যথাযথভাবে স্বীয় দায়িত্ব পালনে সক্ষম হবে।

৪। সার্বিক বিবেচনায় ‘বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ (সংশোধন) আইন, ২০১৪’ শীর্ষক খসড়া বিলটি প্রণয়ন করা সমীচীন।

স্থপতি ইয়াফেস ওসমান  
ভারপ্রাপ্ত প্রতিমন্ত্রী।

মোঃ আশরাফুল মকবুল  
সিনিয়র সচিব।

---

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)